85

দৈনিক সংবাদ

তারিখ 02 JUL 1998
পৃষ্ঠা 2 কলাম ৫

রাজশাহী ও কুমিল্লা বোর্ড

# কয়েকটি কলেজের স্থগিত বেতনভাতা ছাড় করা হয়েছে

শিক্ষা মন্ত্রণালয় মঙ্গলবার ১৯৯৭ সালের এইচএসসি পরীক্ষায় অনিয়মের অভিযোগে রাজশাহী বোর্ডের ১৫৯টি ও কুমিল্লা শিক্ষা বোর্ডের ৪১টি কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও কর্মচারীদের স্থগিতকৃত বেতন-ভাতাদির সরকারি অংশ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীদের আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে ও কলেজ পরিচালনা পরিষদের সুপারিশের ভিত্তিতে ১-১০-৯৭ তারিখ থেকে ছাড়করণের আদেশ জারি করেছে।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন ও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি এ কে এম জহিরুল ইসলাম ও দপ্তর সম্পাদক উপাধ্যক্ষ আবদুর রব মিঞা [illegible] যুক্ত বিবৃতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক ও শিক্ষা সচিবের প্রতি আন্তরিক ধন্যবাদজানিয়েছেন।